

নং-২৭.০১.০০০০.০০৪.০১.০০৪.১৩. ৬৬১

তারিখঃ ২৮ চৈত্র ১৪২৯ বঙ্গাব্দ
১১ এপ্রিল ২০২৩ খ্রিঃ

বৈদ্যুতিক ঠিকাদারী লাইসেন্স এর জন্য অনলাইনে আবেদনের বিজ্ঞপ্তি

প্রধান বিদ্যুৎ পরিদর্শকের দপ্তরের বিদ্যুৎ লাইসেন্সিং বোর্ড কর্তৃক প্রদত্ত বৈদ্যুতিক ঠিকাদারী লাইসেন্স গ্রহণে আগ্রহী নিম্নে বর্ণিত যোগ্যতা সম্পন্ন সকল ব্যক্তি/প্রতিষ্ঠানকে ১৫/০৫/২০২৩ খ্রিঃ তারিখ ২৩-৫৯ ঘটিকার মধ্যে e-service.ocei.gov.bd ওয়েব এড্রেস ব্যবহার করে অনলাইনে আবেদন করার জন্য অনুরোধ করা যাচ্ছে। অনলাইন ব্যতিত সরাসরি কোন আবেদন গ্রহণ করা হবে না।

বৈদ্যুতিক ঠিকাদারী লাইসেন্স এর জন্য প্রয়োজনীয় দলিলাদিঃ (ক) ড্রেড লাইসেন্স এর কপি; (খ) ভ্যাট রেজিস্ট্রেশন সার্টিফিকেটের কপি; (গ) টি আই এন সার্টিফিকেটের কপি; (ঘ) মালিক বা ব্যবস্থাপনা পরিচালকের জাতীয় পরিচয়পত্রের কপি; (ঙ) বৈদ্যুতিক ঠিকাদারী প্রতিষ্ঠানে নিয়োজিত আছে মর্মে সুপারভাইজার লাইসেন্সপ্রাপ্ত একজন বৈদ্যুতিক সুপারভাইজার এর ঘোষণাপত্র / অনলাইনে সম্মতি; (চ) ফি প্রদান সম্পর্কিত ট্রেজারী চালানের মূল কপি, (ছ) টেস্টিং যন্ত্রপাতি (আর্থ টেস্টার, ইনসুলেশন টেস্টার এবং ক্লিপ-অন-এম্পায়ার মিটার) ক্রয়ের রশিদ।

অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলি ও করণীয়ঃ

রেজিস্ট্রেশন পদ্ধতি	ক)	প্রথমে যে কোনো ওয়েব ব্রাউজার থেকে e-service.ocei.gov.bd লিংকে প্রবেশ করুন।
	খ)	Registration বাটনে ক্লিক করুন ও User Registration Form পূরণ করুন এবং Submit বাটনে ক্লিক করুন।
	গ)	মোবাইলে একটি চার ডিজিট এর OTP যাবে সেটি ফরমে নির্ধারিত স্থানে ব্যবহার করুন এবং Submit বাটনে ক্লিক করুন।
লগইন	ঘ)	User ID হিসেবে নিজেদের মোবাইল নম্বর (ইংরেজি ডিজিট) অথবা ই-মেইল ব্যবহার করুন।
	ঙ)	Password হিসেবে রেজিস্ট্রেশন এ প্রদত্ত পাসওয়ার্ড ব্যবহার করুন।
	চ)	Login বাটনে ক্লিক করুন।
এপ্লিকেশন পদ্ধতি	ছ)	Application Menu তে ক্লিক করুন এবং সাবমেনু থেকে আপনার কাঙ্ক্ষিত এপ্লিকেশন ঠিকাদারী লাইসেন্স এপ্লিকেশন এ ক্লিক করুন।
	জ)	আবেদনের নিয়মাবলি বিস্তারিতভাবে পড়ুন এবং I Agree বাটনে ক্লিক করুন।
	ঝ)	যে ফরমটি পাবেন তাতে আপনার প্রতিষ্ঠানের প্রয়োজনীয় তথ্যবলি সঠিকভাবে ইংরেজি ঘরে ইংরেজিতে এবং বাংলার ঘরে বাংলাতে পূরণ করুন এবং ড্রেড লাইসেন্সের কপি, আবেদনকারীর ছবি ও স্বাক্ষর সংযুক্ত করুন।
ফি প্রদান পদ্ধতি	ঞ)	I hereby declare এর বাম পাশের চেক বক্সে ক্লিক করুন এবং Save & Next বাটনে ক্লিক করুন।
	ট)	(১) বাংলাদেশ ব্যাংক অথবা সোনালী ব্যাংকে ট্রেজারী চালান এর মাধ্যমে নির্ধারিত লাইসেন্স ফি পরিশোধ করে চালান এর স্ক্যান কপি সংরক্ষণ করুন। License Fee এর ঘরে ব্যাংকের নাম, ব্রাঙ্কের নাম, চালান নং, তারিখ ও চালানের স্ক্যান কপি সংযুক্ত করে "Save Payment Info" বাটনে ক্লিক করুন।
		(২) Center Fee পরিশোধ এর জন্য Make Payment বাটনে ক্লিক করুন এবং মোবাইল ব্যাংকিং, ক্রেডিট কার্ড অথবা ইন্টারনেট ব্যাংকিং এর মাধ্যমে সেন্টার ফি এর টাকা পরিশোধ করুন।
ফাইনাল সাবমিশন	ঠ)	পেমেন্ট কমপ্লিট হওয়ার পর ড্যাশবোর্ড এর Application List থেকে "Final Submit" বাটন এ ক্লিক করুন। Application এ কোনো ধরনের সংশোধন এর প্রয়োজন থাকলে "Final Submit" বাটনে ক্লিক করার পূর্বেই "EDIT" বাটন এ ক্লিক করে তথ্য সংশোধন করে Save করুন। উল্লেখ্য Final Submit করার পর আর কোন তথ্য সংশোধন করা যাবে না। সফল ভাবে Application সম্পন্ন হলে পপ আপে Your Application Successfully Submitted দেখাবে। Dashboard এর List এ Application Status "Submitted" দেখাবে।

২। সাক্ষাৎকারের তারিখ, সময় পরবর্তীতে SMS এর মাধ্যমে জানানো হবে এবং প্রত্যেক বৈধ আবেদনকারী e-service.ocei.gov.bd হতে প্রবেশপত্র ডাউনলোড করে প্রবেশপত্র, ড্রেড লাইসেন্স, BIN, TIN, নিয়োজিত বৈদ্যুতিক সুপারভাইজার লাইসেন্স, ট্রেজারী চালান, টেস্টিং যন্ত্রপাতি ক্রয়ের রশিদ (সকল মূলকপিসহ) এবং টেস্টিং যন্ত্রপাতিতে প্রতিষ্ঠানের নাম ও জেলা খোদাই করতঃ বোর্ড সভায় সাক্ষাৎকারের সময় প্রদর্শন করতে হবে।


৩। প্রার্থী যে তারিখে আবেদন করবেন তার ২(দুই) মাস পূর্বের কোন জমাকৃত চালান গ্রহণযোগ্য হবে না এবং জমাকৃত ট্রেজারী চালানের টাকা ও সেন্টার ফিসের টাকা ফেরৎ যোগ্য নয়।

৪। যে সকল প্রার্থী পূর্বে রেজিস্ট্রেশন করেছেন তাদেরকে পুনরায় রেজিস্ট্রেশন না করে পূর্বের User ID এবং Password দিয়ে লগইন করে আবেদন করতে হবে। উল্লেখ্য একই মোবাইল/ই-মেইল/এনআইডি নম্বর একাধিকবার ব্যবহার করা যাবে না।

৫। অসম্পন্ন আবেদন বাতিল বলে গণ্য হবে। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে আবেদনপত্র গ্রহণ অথবা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

৬। Online-এ আবেদন এবং টাকা জমার কাজটি প্রার্থী নিজে সম্পন্ন করবেন। এ ক্ষেত্রে অন্য মাধ্যম থেকে উক্ত কাজটি সম্পন্ন করে প্রার্থী প্রতারণিত হলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

৭। পরীক্ষা সংক্রান্ত যাবতীয় তথ্য www.ocei.gov.bd হতে পাওয়া যাবে।


(মোঃ আতোয়ার রহমান মোল্লা) ২০২৬
সদস্য সচিব
বিদ্যুৎ লাইসেন্সিং বোর্ড, ঢাকা।